

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৭৬

পর্ব - ৫% সিয়াম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ দিনের বেলায় রোযাদার ব্যক্তি সহবাস করলে তার বিধান

### আরবী

وَعَنْ أَبِي هُرِيْرَةَ \_ رضى الله عنه \_ قَالَ: جَاءَ رَجُلُّ إِلَى النَّبِيِّ \_ صلى الله عليه وسلم \_ فَقَالَ: هَلَكُتُ يَا رَسُولَ اللَّهِ. قَالَ: «وَمَا أَهْلَكَكَ?» قَالَ: وقَعْتُ عَلَى امْرَأَتِي فِي رَمَضَانَ، فَقَالَ: «هَلْ تَجِدُ مَا تَعْتِقُ رَقَبَةً?» قَالَ: لَا. قَالَ: «فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تَصنُومَ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ?» قَالَ: لَا. قَالَ: «فَهَلْ تَجِدُ مَا تُطْعِمُ سِتِّينَ مِسْكِينًا» قَالَ: لَا. ثَالَ: لَا. ثَالَ: «فَهَلْ تَجِدُ مَا تُطْعِمُ سِتِّينَ مِسْكِينًا» قَالَ: لَا. ثُمَّ جَلَسَ, فَأْتِي النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ بِعَرَقٍ فِيهِ تَمْرٌ. فَقَالَ: «تَصدَقَقْ بِهَذَا» , فَقَالَ: أَعَلَى أَفْقَرَ مِنَّا? فَمَا بَيْنَ لَابَتَيْهَا أَهْلُ بَيْتَ أَحْوَجُ إِلَيْهِ مِنَّا, فَضَحِكَ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ لِعَرَقٍ فِيهِ تَمْرٌ. فَقَالَ: «تَصدَقَقْ بِهَذَا» , فَقَالَ: أَعَلَى أَفْقَرَ مِنَّا? فَمَا بَيْنَ لَابَتَيْهَا أَهْلُ بَيْتَ أَحْوَجُ إِلَيْهِ مِنَّا, فَضَحِكَ النَّبِيُّ \_ صلى فَقَالَ: أَعَلَى أَفْقَرَ مِنَّا? فَمَا بَيْنَ لَابَتَيْهَا أَهْلُ بَيْتَ أَحْوَجُ إِلَيْهِ مِنَّا, فَضَحِكَ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ حَتَّى بَدَتْ أَنْيَابُهُ، ثُمَّ قَالَ: «اَذْهَبْ فَأَطْعِمْهُ أَهْلَكَ». رَوَاهُ السَّبْعَةُ, وَاللَّفْظُ لِمُسْلِمٍ

صحيح. رواه البخاري (1936)، ومسلم (1111)، وأبو داود (2390)، والنسائي في «الكبرى» (2/ 212 ـ 213)، والترمذي (724)، وابن ماجه (1671)، وأحمد (2/ 208 و 241 و 516)

#### বাংলা

৬৭৬. আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপবিষ্ট ছিলাম। এমন সময় এক ব্যক্তি এসে বলল, হে আল্লাহর রসূল! আমি ধ্বংস হয়ে গেছি। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কি বিষয় তোমাকে ধ্বংস করেছে? সে বলল, আমি সায়িম (রোযা রাখা) অবস্থায় আমার স্ত্রীর সাথে মিলিত হয়েছি। আল্লাহর রসূল (রঃ) বললেন, আযাদ করার মত কোন ক্রীতদাস



তুমি পাবে কি? সে বলল, না। তিনি বললেনঃ তুমি কি একাধারে দু'মাস সওম পালন করতে পারবে? সে বলল, না। এরপর তিনি বললেন, : ষাটজন মিসকীন খাওয়াতে পারবে কি? সে বলল, না। তারপর সে বসে রইল। এ সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এক 'আরাক পেশ করা হল যাতে খেজুর ছিল। 'আরাক হল ঝুড়ি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এগুলো নিয়ে সাদাকা করে দাও। তখন লোকটি বলল, হে আল্লাহর রসূল! আমার চাইতেও বেশি অভাবগ্রস্তকে সাদাকা করব? আল্লাহর শপথ, মদীনার উভয় লাবা অর্থাৎ উভয় প্রান্তের মধ্যে আমার পরিবারের চেয়ে অভাবগ্রস্ত কেউ নেই। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হেসে উঠলেন এবং তাঁর দাঁত (আনইয়াব) দেখা গেল। অতঃপর তিনি বললেন : এগুলো তোমার পরিবারকে খাওয়াও।[1] শব্দ বিন্যাস মুসলিমের।

### **English**

Abu Hurairah (RAA) narrated that A man came to the Messenger of Allah (\*) and said, "I am ruined O Messenger of Allah (\*)!" The Messenger of Allah (\*) asked him, "What has ruined you?" The man replied, 'I had intercourse with my wife during the day in Ramadan while fasting)' The Prophet said to him, "Are you able to free a slave?" The man said, 'No.' The Prophet said, "Can you fast for two consecutive months?" He said, 'NO.' The Prophet then asked him, "Can you provide food for sixty poor people?" He said, 'No.' Then the man sat down. A basket of dates was brought to the Prophet and he said to the man, "Give this as Sadaqah (voluntary charity)" The man said, 'To someone who is poorer than us!' There is no one in this city (Al-Madinah) who is in need of these dates more than us!' The Prophet laughed until his molar teeth could be seen and said to the man, "Go and feed your family with these dates." Related by the seven Imams and the wording is from Muslim.

## ফুটনোট

[1] বুখারী ১৯৩৬, মুসলিম ১১১১, তিরমিয়ী ৭২৪, আবূ দাউদ ২৩৯০, ২৩৯২, ইবনু মাজাহ ১৬৭১, আহমাদ ৬৯০৫, ৭২৪৮, মালিক ৬৬০, দারামী ১৭১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন